গাংনীতে টেকসই তুলা উন্নয়নে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীতে টেকসই তুলা উন্নয়ন প্রকল্পের উদ্যোগে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৯ নভেম্বর) বিকেল ৩টার দিকে উপজেলার চর-গোয়ালগ্রাম গ্রামের সাহেবের আমবাগানে এই কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

টিএমএসএস আইইএস সেক্টর-এর বাস্তবায়নে প্রাইমার্ক, কটন কানেক্টের অর্থায়নে এবং তূলা উন্নয়ন বোর্ড এর সহযোগিতায় তুলা চাষিদের অংশগ্রহণে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

কৃষক মাঠ দিবসের আলোচনা সভায় চর-গোয়ালগ্রামের তুলা চাষী শহিদুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সেন দেবাশীষ।

ফিল্ড এক্সিকিউটিভ মঈনূল ইসলাম কাজলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বামন্দী কটন ইউনিট অফিসার আহম্মদ হোসেন, খলিসাকুন্ডি কটন ইউনিট অফিসার (ভারপ্রাপ্ত) আব্দুল্লাহ আল মামুন, উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের বিশেষ প্রতিনিধি উপ সহকারী কৃষি কর্মকর্তা রাসেল আহম্মেদ ও জিনার প্রতিনিধি (কুষ্টিয়া) রাকিবুল ইসলাম।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কটন কানেক্টের ফিল্ড এক্সিকিউটিভ সাব্বির আহম্মেদ, রাজু আহম্মে ও রেজাউল করীম প্রমুখ।

মাঠ দিবসের আলোচনায় তুলা চাষীদের আর্থ সামাজিক উন্নয়নে করণীয় বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। অন্যান্য চাষের পাশাপাশি লাভজনক তুলা চাষের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হয় ।

প্রধান অতিথি বলেন, পরিবারের শিক্ষা, স্বাস্থ্য ও পারিবারিক উন্নয়ন নিয়ে তুলা চাষের শুরু থেকে শেষ পর্যন্ত কৃষকদের সাথে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে ফিল্ড এক্সিকিউটিভগণ সব সময় কৃষকদের পাশে থাকে। কৃষকদের তুলা চাষে উদ্বুদ্ধ করতে টিএমএসএস, প্রাইমার্ক-কটন কানেক্ট এর ফিল্ড এক্সিকিউটিভদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানানো হয়।

১৪০/১৫০ জন তুলা চাষীদের অংশ গ্রহনে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত চাষীদের মাঝে প্রাইমার্কের সৌজন্যে একটি করে টি- শাট গেঞ্জি প্রদান করা হয়।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের সাথে বিট অফিসারদের মতবিনিময় সভা

বিট পুলিশিং বাড়ি-বাড়ি, নিরাপদ সমাজ গড়ি এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা পুলিশের ৫৩ (তেপ্পান্ন) টি বিটের অফিসারদের সাথে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপারের আবদুল্লাহ্ আল মামুন এর সাথে সকাল সাড়ে দশটার সময় পুলিশ পার্ক লেন কনফারেন্স রুমে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন। মতবিনিময় সভায় পুলিশ সুপার বিট পুলিশিংয়ের লক্ষ্য, উদ্দেশ্য ও প্রায়োগিক গুরুত্ব তুলে ধরে বক্তব্য প্রদান করেন।

এ সময় তিনি অফিসারদের নিজ নিজ এলাকায় মাদক, জুয়া, ইভটিজিং, কিশোর অপরাধ, বাল্যবিবাহ ও নারী নির্যাতনের বিরুদ্ধে কাজ করতে আহহ্বান জানান। পাশাপাশি, তিনি জননিরাপত্তা ও জনশৃঙ্খলায় সকল বিট অফিসারকে সদা তৎপর থাকার জন্য বলেন। এসময় বিট পুলিশিং সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের সঠিক জবাবে এবং বিট পুলিশিং রেজিস্টারসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য চার জন বিট অফিসারকে পুলিশ সুপার পুরস্কৃত করেন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মোঃমুন্না বিশ্বাস, ডিআইও(১) জেলা বিশেষ শাখা মোঃ আলমগীর কবীর, অফিসার ইনচার্জ জেলা গোয়েন্দা শাখা শেখ সফিকুর রহমান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মাহব্বুর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার সদস্যবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[

ইলন মাস্ক

আইফোন নির্মাতা অ্যাপল তাদের অ্যাপস্টোরে সামাজিক যোগাযোগমাধ্যম টুইটারকে ব্লকের চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ করেছেন বিশ্বের সবচেয়ে ধনী ও টুইটারের প্রধান নির্বাহী ইলন মাস্ক।

অবশ্য অ্যাপল তার অ্যাপ স্টোর থেকে টুইটারকে ব্লক করার হুমকি কেন দিয়েছে সেটি খোলসা করেননি মার্কিন এই ধনকুবের। সোমবার (২৮ নভেম্বর) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা।

প্রতিবেদনে বলা হয়েছে, আইফোনের উদ্ভাবক ও প্রস্তুতকারী সংস্থা অ্যাপল তার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে বিজ্ঞাপন বন্ধ করেছে বলে সোমবার সিরিজ টুইটে অভিযোগ করেছেন মাস্ক। এছাড়া টুইটার ও টেসলার বিলিয়নিয়ার এই সিইও আরও বলেছেন, বিষয়বস্তু বা কন্টেন্ট নিয়ন্ত্রণের দাবিতে টুইটারকে চাপ দিচ্ছে অ্যাপল।

ইলন মাস্ক টুইটে বলেন, ‘অ্যাপল টুইটারে বিজ্ঞাপন দেওয়া বন্ধই করে দিয়েছে বলা যায়। তারা কি যুক্তরাষ্ট্রে বাকস্বাধীনতাকে ঘৃণা করে?’

অপর এক টুইটে তিনি অ্যাপলের প্রধান নির্বাহী টিম কুকের টুইটার অ্যাকাউন্টকে ট্যাগ করে জিজ্ঞাসা করেন, ‘এখানে কী হচ্ছে?’

বিজ্ঞাপনী পরিসংখ্যান প্রতিষ্ঠান প্যাথম্যাটিকসের তথ্য অনুসারে, মাস্ক টুইটার কিনে নেওয়ার আগে ১৬ থেকে ২২ অক্টোবরের মধ্যে অ্যাপল টুইটারকে ২ লাখ ২০ হাজার ৮০০ ডলারের বিজ্ঞাপন দিয়েছিল। গত ১০ থেকে ১৬ নভেম্বরের মধ্যে তা কমে ১ লাখ ৩১ হাজার ৬০০ ডলার হয়েছে।

টুইটারের নথির বরাত দিয়ে মার্কিন সংবাদমাধ্যম ওয়াশিংটন পোস্ট জানায়, ২০২২ সালের প্রথম প্রান্তিকে অ্যাপল ছিল টুইটারের শীর্ষ বিজ্ঞাপনদাতা। তারা এই সময়টিতে ৪৮ মিলিয়ন ডলারের বিজ্ঞাপন দেয়, যা ছিল টুইটারের বিজ্ঞাপন থেকে মোট আয়ের ৪ শতাংশের চেয়েও বেশি।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে ২৩ হাজার টাকা জরিমানা

লাইসেন্স ছাড়াই প্যাকেটে বিএসটিআইয়ের লোগো ব্যবহার, কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানা, কারখানার মধ্যে টয়লেট, হাত পরিস্কারের সাবান, হ্যান্ডওয়াস না থাকাসহ বিভিন্ন অভিযোগে মেহেরপুর শহরের দীঘিরপাড়া এলাকার ২ প্রতিষ্ঠানের মালিককে ২৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিচালনায় অভিযান।

মঙ্গলবার দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

অভিযানকালে মেসার্স সোনালি চানাচুর কারখানায় নিয়ম বহির্ভূতভাবে লাইসেন্স ছাড়াই প্যাকেটে বিএসটিআইয়ের লোগো ব্যবহার করা, কর্মচারীদের স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্য পরীক্ষার সনদ না থাকা, কারখানার মধ্যে টয়লেট স্থাপন, হাত পরিস্কারের সাবান-হ্যান্ডওয়াস না থাকা ও যথাযথ স্বাস্থ্যবিধি না মেনে চানাচুর প্যাকেটজাত করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মোঃ ইয়ারুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪৩ ও ৪৪ ধারায় ২০ হাজার টাকা, এবং একই এলাকার মেসার্স হেলাল স্টোরকে মেয়াদ মুল্য বিহীন পণ্য ও অবৈধ বিদেশি পণ্য বিক্রয়ের অপরাধে ৩৭ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম ও মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীতে চুরি করতে গিয়ে তিন নারী আটক, পুলিশে সোপর্দ

গাংনী নিক্সন মার্কেটে চুরি করার সময় তিন নারী পকেট মারকে হাতে নাতে আটক করে পুলিশের দিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা।

এরা হলেন, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার মানিক গ্রামের মৃতু হিরু প্রামাণিকের মেয়ে স্বামী পরিত্যক্ত নাসিমা খাতুন (৪৫), মাগুরার মোহাম্মদপুর থানার চর পাকুড়িয়া গ্রামের মাহাবুব শেখের স্ত্রী পলি বেগম (৩৮) ও মাগুরা সদর উপজেলার হাজরাপুর বারোমাইল গ্রামের সহিকুল ইসলামের স্ত্রী আছিয়া বেগম (৪০)।

আজ মঙ্গলবার (২৯ নভেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের পুরাতন কাপড়ের (নিক্সন মার্কেট) বাজারে জনৈক নারীর ভ্যানিটি ব্যাগের মধ্যে থেকে ২ হাজার টাকা চুরি করার সময় হাতে নাতে ধরা পড়ে। পরে তাকে গাংনী থানা পুলিশে সোপর্দ করা হয়।
তবে, পলি ও নাসিমা খাতুন বলেন, আমাদের স্বামীর অসুস্থ। তাই, আমরা কুষ্টিয়াতে বাসা ভাড়া নিয়ে এক সাথে থাকি। বিভিন্ন এলাকায় হাত পেতে টাকা চেয়ে নিই। আমরা চুরি করিনা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বেশ কিছুদিন থেকে গাংনী হাসপাতালের জরুরী বিভাগে ও পুরাতন কাপড়ের বাজারে নারীদের ভ্যানিটি ব্যাগ থেকে টাকা চুরির ঘটনা ঘটে। পুলিশও তাদের সনাক্ত করার চেষ্টা করছিল।
এঘটনায় কয়েকজন ভুক্তভুগী নারী তাদের বিরুদ্ধে মামলা দিয়েছে। আগামিকাল আটক তিন নারীকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

দামুড়হুদা পাওয়ার ট্রিলার ও

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মহেশপুরে চা দোকানী কুপিয়ে হত্যা

ঝিনাইদহের মহেশপুর উপজেলার যাদবপুর ইউনিয়নের ধান্যহাড়িয়া গ্রামে জীবন চৌধুরী ওরফে টিটন (৩০) নামের এক চা দোকানিকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার রাত ১০ টার দিকে যশোর জেনারেল হাসপাতালে তার মৃত্যু হয়।

নিহত টিটন ওই গ্রামের সিরাজুল ইসলামের ছেলে। হত্যাকান্ডের ঘটনায় মঙ্গলবার সকালে ছবি তুলতে তার বাড়িতে গেলে ফেরার পথে আব্দুল হাকিম নামের স্থানীয় এক সাংবাদিকের মোবাইল কেড়ে নিয়েছে হত্যারকারীরা।

স্থানীয়রা জানায়, টিটন বাড়ির পাশের নিজের চায়ের দোকানে বসে ছিলো। সোমবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে ৩ টি মোটর সাইকেলে কয়েকজন ব্যক্তি এসে তাকে এলোপাতাড়ি কুপিয়ে ফেলে রেখে যায়। সেখান থেকে তাকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায় স্বজনরা। সেখানে তার শারিরীক অবস্থার অবনতি হলে যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করে চিকিৎসক। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মঙ্গলবার সকালে তার বাড়িতে গিয়ে নিহতের স্বজনদের আহাজারীর ছবি তুলতে যায় স্থানীয় সংবাদকর্মী আব্দুল হাকিম। সেখান থেকে ফেরার পথে জলুলি গ্রামের মাঠের মধ্যে অনটেস্ট একটি মোটর সাইকেলে ৩ জন যুবক এসে তার গতিরোধ করে অকথ্য ভাষায় গালিগালাজ করে। এক পর্যায়ে তার মোবাইল ছিনিয়ে নিয়ে সংবাদ প্রকাশ করলে হত্যার হুমকি দিয়ে চলে যায়।

মহেশপুর থানার ওসি সেলিম মিয়া বলেন, পুর্ব শত্রুতার জের ধরে এই হত্যাকান্ড বলে ধারনা করছি। এই ঘটনা সাথে যারা জড়িত তাদের চিহ্নিত করে দ্রুতই গ্রেফতার করা হবে। মোবাইল ছিনতাইয়ের ঘটনায় আমরা দ্রুত ব্যবস্থা নিচ্ছি।

ঝিনাইদহে আয়কর দাখিলে মানুষের আগ্রহ বেড়েছে

ঋণ গ্রহন, শেয়ার হোল্ডার, পৌরসভায় ট্রেড লাইসেন্স নিতে, ঠিকাদারী লাইসেন্স, চিকিৎসা সেবা দিতে, জমি ক্রয়, আগ্নেয় অস্ত্রের লাইসেন্সসহ দেশের ৪০টি আর্থিক সেবা পেতে এখন আয়কর রির্টান দাখিলের প্রচলন করায় ব্যবসায়ী, চাকুরিজীবী, ঠিকাদারসহ বিভিন্ন পেশাজীবী মানুষের মাঝে রির্টান দাখিলের আগ্রহ বেড়েছে।

৩০নভেম্বর কর দিবসকে সামনে রেখে ঝিনাইদহ উপ কর কমিশিনারের কার্যালয়ে কর দাতাদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে। শিক্ষক, আইনজীবী, ব্যাংকার, ব্যবসায়ী, ঠিকাদার, ডাক্তার ছাড়াও বিভিন্ন সরকারী অফিসের কর্মকর্তা কর্মচারীরা লাইনে দাড়িয়ে তাদের রির্টান দাখিল করছেন। এছাড়া প্রথম বারেরমত অনলাইনেও যথেষ্ট পরিমান করদাতা তাদের রির্টান জমা দিচ্ছেন বলে জানা যায়। বিগত বছরের তুলনায় এবার ২০২২-২০২৩ অর্থ বছরে রির্টান দাখিলের পরিমান বেশী হবে বলে সংশ্লিষ্ট দপ্তর থেকে জানা গেছে।

ঝিনাইদহের সহকারী কমিশনার (ট্যাক্◌্র) মোঃ শিহাব উদ্দীন আহম্মেদ জানান, গত ২৯নভেম্বর পর্যন্ত প্রায় ৯হাজার কর দাতা সরাসরি এবং অনলাইনে আরও ৬শত গ্রাহক তাদের রির্টান জমা দিয়েছেন। এখনো দিন বাকী আছে আমরা আশা করছি আমাদের টার্গেট পূরণ হবে।

গত ২০২১-২০২২ অর্থ বছরে ১৯- ঝিনাইদহ সার্কেলে আয়কর জমার টার্গেট ছিল ৪৮ কোটি ১০ লাখ যা যথা সময়ে পূরণ হয়েছে বলে তিনি জানান, এছাড়া এবছর ২০২২-২০২৩ অর্থ বছরে আয়কর জমার টার্গেট আছে ৫৪ কোটি ২৯লাখ যা পূরণ হবে বলে তিনি আশাবাদি। সহকারী অধ্যাপক কে এম সালেহ,গৃহিনী মমতাজ বেগম ও ব্যাংকার ফিরোজ আহম্মেদ সহ বেশ কয়েকেজন করদাতা বলেন অনলাইনে ফরম পূরণ আর একটু সহজ হলে গ্রাহকদের আর কষ্ট করে অফিসে এসে ভীড় জমাতে হতোনা। এপ্রসঙ্গে সহকারী কমিশনার বলেন, রির্টান আর একটু সহজ করা যায় কিনা সে ব্যাপারে কতৃপক্ষের নিকট আলোচনা করবো।

স্বাভাবিক ব্যক্তির জন্য যাদের বছরে আয় ৩লক্ষ টাকার বেশী তারা এবং মহিলা, তৃতীয় লিঙ্গ ও ৬৫ বছরের উর্ধ্বে বয়স তাদের ক্ষেত্রে ৩লক্ষ ৫০ হাজার টাকার বেশি আয় হলে আয়কর দিতে হবে। তাছাড়া

চাকুরীজীবীদের ক্ষেত্রে মাসিক ১৬হাজার টাকার উপরে স্কেলধারীদের ক্ষেত্রে রির্টান দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে।